

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:05-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM Vishkarma Yojna :

পি এম বিশ্বকর্মা যোজনায এখনো পর্যন্ত ২ কোটি ৫০ লক্ষ আবেদনপত্র জমা পড়েছে বলে সরকার জানিয়েছে। এরমধ্যে ২০ লক্ষ আবেদনপত্র তিন পর্যায়ের যাচাই করার পর সফলভাবে নথিভুক্ত করা হয়েছে। অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রক জানিয়েছে গত বছরের সেপ্টেম্বর মাসে চালু হওয়া এই প্রকল্পটি ইতিমধ্যেই উল্লেখযোগ্য সাড়া ফেলেছে। প্রায় ১০ লক্ষ শিল্পী ই-ভাউচারের মাধ্যমে উপকরণ ভাতা হিসেবে ১৫ হাজার টাকা করে পেয়েছেন, যা তাদেরকে তাদের শিল্প সৃষ্টিতে আধুনিক যন্ত্রপাতি ক্রয় করতে সাহায্য করেছে। দেশের সাংস্কৃতিক ঐতিহ্যের ধারক ও বাহক এই শিল্পীদের সাহায্য করার জন্য সরকারের দায়বদ্ধতা এই প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে।

New criminal laws :

উপ রাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন, জনপ্রশাসনের সঙ্গে যুক্ত মানুষদের জাতীয়তাবাদের মূল্যবোধ, একটি উন্নত ও অখণ্ড ভারতের ধারণা এবং ভয় বা পক্ষপাত ছাড়াই সমস্ত ভারতীয় নাগরিকদের সেবা করার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ থাকা উচিত। তিনি গতকাল নতুনদিল্লিতে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, আইআইপিএ-এর ৭০তম বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছিলেন। তিনি জোর দিয়ে বলেন যে নতুন ফৌজদারি আইন - ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম-ভারতীয়

ফৌজদারি বিচার ব্যবস্থাকে ঔপনিবেশিক উত্তরাধিকার থেকে মুক্ত করেছে।

Special Train :

ছট উৎসব উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে ও নির্বিঘ্নে যাতায়াতের জন্য ভারতীয় রেল বিশেষ ট্রেন চালাচ্ছে। গতকাল, রেলওয়ে ১৮৫টি বিশেষ ট্রেন চালিয়েছে এবং প্রায় ২৫টি বিশেষ উৎসব ট্রেন দিল্লি-এনসিআর থেকে দেশের বিভিন্ন অংশে যাত্রা করছে। এর মধ্যে সহরসা, বারাণসী, অযোধ্যা, লখনউ, পাটনা, মুজাফফরপুর, গোরখপুর, প্রয়াগরাজ, দরভাঙ্গা, ইন্দোর এবং তিরুবনন্তপুরমের বিশেষ ট্রেন অন্তর্ভুক্ত রয়েছে। উত্তর রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক হিমাংশু শেখর উপাধ্যায় বলেন, রেল নিয়মিত ট্রেনের পাশাপাশি বিশেষ উৎসব ট্রেনগুলি চালাচ্ছে। উল্লেখ্য, রেলওয়ে প্রতিদিন অতিরিক্ত দুই লক্ষ যাত্রীর চলাচলের সুবিধা দিচ্ছে। ভারতীয় রেলওয়ে গত মাসে যাত্রী ভীড় সামলাতে প্রায় সাত হাজার বিশেষ ট্রেন চালিয়েছে।

Agri. Minister-Kumarghat :

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটের পাবিয়াছড়া রেগুলেটেড মার্কেটের পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উদ্বোধন করেন। এক্ষেত্রে ব্যয় হয়েছে, ৩ কোটি ১২ লক্ষ টাকা। উদ্বোধকের ভাষণে কৃষিমন্ত্রী বলেন, রাজ্যের ৫৮টি ব্লক এলাকাতেই "কৃষি মহকুমা" স্থাপনের জন্য রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। বর্তমানে রাজ্যে ৪৭টি কৃষি মহকুমা রয়েছে বলে তিনি জানান। কৃষিমন্ত্রী বলেন, রাজ্যে এখন পর্যন্ত ৩২টি কৃষকবন্ধু কেন্দ্র স্থাপন করা হয়েছে। বর্তমান সরকারের আমলে ৩৮ হাজার কৃষককে কৃষি যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, রাজ্যের প্রতিটি বিধানসভা

এলাকায় একটি করে আধুনিক রেগুলেটেড মার্কেটের পরিকাঠামোগত উন্নয়ন করা হবে। কৃষিমন্ত্রী গতকাল কুমারঘাটে ২ কোটি ৫ লক্ষ টাকা ব্যয়ে নবনির্মিত কৃষি উন্নয়ন গবেষণা তথা প্রশিক্ষণ কেন্দ্রের আনুষ্ঠানিক দ্বারোদঘাটন করেন। তাছাড়া কুমারঘাটে উদ্যানচর্চা দপ্তরের উপ-অধিকর্তা কার্যালয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এতে ব্যয় হবে ২ কোটি ১৮ লক্ষ টাকা। গতকালের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস, কৃষি অধিকর্তা শরদিন্দু দাস প্রমুখ।

TRAINING :

স্টেট ইনস্টিটিউট অফ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (SIPARD) এর উদ্যোগে ও সহায়তায় এবং কদমতলা ব্লকের ও ধর্মনগর সরকারী মহাবিদ্যালয় এলামনি অ্যাসোসিয়েশন এর ব্যবস্থাপনায় ৪ থেকে ৬ নভেম্বর পর্যন্ত চলা স্বেচ্ছাসেবকদের নিয়ে তিন দিবসীয় লাইফ স্কিল ম্যানেজমেন্ট প্রশিক্ষণ ধর্মনগর সরকারী মহাবিদ্যালয় প্রাঙ্গনে গতকাল থেকে শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ। এছাড়াও উপস্থিত ছিলেন, কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মিহির রঞ্জন নাথ, কদমতলা ব্লকের বিডিও সঞ্জীব দেবনাথ, অ্যাসিস্ট্যান্ট প্রজেক্ট ডিরেক্টর ডিআরডিএ, উত্তর ত্রিপুরা দীপঙ্কর বিশ্বাস, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, ধর্মনগর সরকারী মহাবিদ্যালয় ডঃ অঙ্কন সিনহা প্রমুখ।

Youth Festival-Kailashahar :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস গতকাল কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে জেলাভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করেন।

উদ্বোধকের ভাষণে তিনি বলেন, যুবক-যুবতীদের অভ্যন্তরীণ প্রতিভার বহিঃপ্রকাশ এবং সাংস্কৃতিক ক্ষেত্রে তাদের আরো উৎসাহী করতে যুব উৎসবের গুরুত্ব অপরিসীম। তিনি বাল্যবিবাহ রোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, সহকারী সভাপতি সন্তোষ ধর, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ-অধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ ভাষন দেন। প্রায় দুই শতাধিক যুবক-যুবতী জেলাভিত্তিক যুব উৎসবে অংশ নেন। যুব উৎসবের পাশাপাশি এখানে বিজ্ঞান মেলারও আয়োজন করা হয়।

Police Transfer(S.P) :

রাজ্য পুলিশে মাঝারি স্তরে রদবদল ঘটানো হয়েছে। উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপারের দায়িত্ব দেওয়া হয়েছে ধলাই জেলার পুলিশ সুপার অবিলাস রাইকে। ধলাই জেলার পুলিশ সুপার হবেন, সাইবার ক্রাইমের এস পি, মিহির লাল দাস। এছাড়া কয়েক জন ডিএসপি এবং এসডিপিও পদমর্যাদার পুলিশ আধিকারীকে বদলিও রয়েছে এই তালিকায়। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ থেকে গতকাল এই নির্দেশ জারি করা হয়েছে।

Detain Bangladeshi :

বিএসএফ ও পুলিশের যৌথ অভিযানে গতকাল বেআইনি অনুপ্রবেশের অভিযোগে পাঁচ বাংলাদেশি নাগরিক সহ আটজনকে আটক করেছে বিএসএফ। বিএসএফের শালবাগান সদর দপ্তরের জন সংযোগ আধিকারিক জানান, সারুন্দের জলকুস্ত এলাকায় যৌথ অভিযানে তারা ধরা পড়েছে। ধৃতদের মধ্যে পাঁচ বাংলাদেশি নাগরিকদের বাড়ি খাগড়াছড়ি জেলার জগন্নাথে। বেআইনি অনুপ্রবেশের অভিযোগে ধৃত তিন ভারতীয় নাগরিকের বাড়ি দক্ষিণ

জেলার বাইখোঁরায়া। বিএসফ জানায়, এই ঘটনার প্রাথমিক তদন্ত চলছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.২ ডিগ্রি সেলসিয়াস।
